দৈনিক বাংলা

তারিখ 29 MAR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

25

# ছাত্র উত্তেজনা : খুলনা বিআইটি বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা : খুলন, ২৮ মার্চ খুলনা বিশ্ববিদ্যালয় এবং খুলনা বিআইটি'র ছাত্রদের মধ্যে এক অপ্রীতিকর ঘটনার জের হিসাবে সোমবার থেকে খুলনা বিআইটি অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

জানা গেছে, খুলনা বিশ্ববিদ্যালয়ের বাসে উঠাকে কেন্দ্র করে উভয় শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। গত শনিবার রাতে একদল ছাত্র বিআইটি'র পরিচালকের বাসভবন ও প্রশাসনিক ভবনে ইট-পাটকেল নিক্ষেপ করে। পরে তাদের হাতে বিআইটি'র কয়েক জন শিক্ষক লাঞ্ছিত হন। এই ঘটনার প্রতিবাদে রোববার বিআইটি শিক্ষকরা ক্লাস বর্জন করে।

সোমবার সকালে বিআইটি কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বিআইটি বন্ধ ঘোষণা করে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেন।